73

ভোরের কাগজ

তারিখ JUL 19 1999
পৃষ্ঠা 2 কলাম ৬

# 'ব্যক্তিগত স্বার্থের জন্য কোনো সন্ত্রাস করিনি'

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : সমাবেশ শেষ। এরপর তিনি মাইক টেনে নিয়ে কর্মীদের উদ্দেশে বললেন, 'যা করেছি ছাত্রলীগের জন্য করেছি। 'ব্যক্তিগত স্বার্থের জন্য কোনো সন্ত্রাস করিনি।' আর বেশি বলতে পারলেন না বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত ছাত্রলীগ ক্যাডার শামীম আহমেদ। ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকন তাকে হাত ধরে টানতে টানতে মধুর কেন্টিনের দিকে রওয়না দিলেন।

বিশ্ববিদ্যালয় কলা ভবনের সামনে গতকাল রোববার এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি সাজ্জাদ হোসেন বলেন, 'ছাত্রলীগ কখনো সন্ত্রাসকে প্রশ্রয় দেয় না। তার প্রমাণ সন্ত্রাসের দায়ে ত্যাগী নেতা শামীম আহমেদকে যখন বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হলো ছাত্রলীগ তাতে বাধা দেয়নি।' মোবাইল ফোনে এ বক্তব্যের কথা জানতে পেরে গাড়ি নিয়ে শামীম আহমেদ সরাসরি সমাবেশস্থলে চলে আসেন এবং সমাবেশ শেষে উপরোক্ত বক্তব্য রাখেন।

উল্লেখ্য, কয়েক মাস আগে বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলে গুলি চালানোর অভিযোগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাকে ও জহুরুল হক হল ছাত্রলীগের সাবেক সভাপতি বাবুকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করে।